গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ
চীফ টেকনিক্যাল ম্যানেজার এর কার্যালয়
ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স
ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)
মহাখালী, ঢাকা-১২১৩।
www.nememw.gov.bd

স্মারক নং- ৪৫.০৭.০০০০.০০১.১১.০০৮.২২- ৭৯৮ তারিখ: ০৮/০১/২০২৬খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি), মহাখালী, ঢাকা এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য পদের পাশে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সিনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন, কম্পিউটার অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ২ | সিনিয়র টেকনিশিয়ান (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ০২ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৩ | সিনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট) (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মেশিন টুলস অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>মেশিন টুলস অপারেশন এন্ড মেইন্টেন্যান্স বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৪ | সিনিয়র টেকনিশিয়ান (ওয়েল্ডার কাম শিট মেটাল) (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | সিনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল ফিটার) (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মিল রাইট বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মিল রাইট বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৬ | সিনিয়র টেকনিশিয়ান (পেইন্টার) (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে পেইন্টিং বা সমরূপ ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে পেইন্টিং বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৭ | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) (গ্রেড- ১৪) টাঃ ১০,২০০ – ২৪,৬৮০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫(পঁয়ত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ট্রেডে ২(দুই) বৎসর মেয়াদি কোর্স সম্পন্ন;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স ওয়ার্কস, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৮ | টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) (গ্রেড- ১৪) টাঃ ১০,২০০ – ২৪,৬৮০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫(পঁয়ত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ট্রেডে ২(দুই) বৎসর মেয়াদি কোর্স সম্পন্ন;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৯ | টেকনিশিয়ান (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) (গ্রেড- ১৪) টাঃ ১০,২০০ – ২৪,৬৮০/- | ০১ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫(পঁয়ত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ট্রেডে ২(দুই) বৎসর মেয়াদি কোর্স সম্পন্ন;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা সমরূপ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরি। |
| ১০ | জুনিয়র মেকানিক (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৭৬ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা এয়ারকন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন করার নিয়মাবলী:**

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে:

ক. সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

খ. ০১.০১.২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২(বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option select করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে:

১. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৪. শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

চ. নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূণ্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।

**৩। নাগরিকত্ব**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

**৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://nememw.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী এবং অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি নিমিউ এন্ড টিসি'র ওয়েবসাইটেও (www.nememw.gov.bd) পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১.০১.২০২৬ খ্রি. তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় সকাল ১০.০০টা;

২. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫.০১.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় বিকাল ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ১ হতে ৬ নং ক্রমিকের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১৮/- (আঠার) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা; ৭ হতে ১০ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং অনগ্রসর নাগরিকদের ক্ষেত্রে সকল পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য "Online আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: NEMEMW<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NEMEMW ABCDEF
Reply: Applicant's name, Tk. XXX will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee Type NEMEWM <space> Yes < Space > PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: NEMEMW<space> YES < space > PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NEMEMW YES XXXXXXXXXX
Reply: Congratulations Applicant's name, payment completed successfully for NEMEMW XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password ( xxxxxxxx ).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nememw.teletalk.com.bd অথবা নিমিউ এন্ড টিসি'র Website : www.nememw.gov.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

১. User ID জানা থাকলে NEMEMW<space>Help< space > User ID & Send to 16222. Example: NEMEMW HELP USER ABCDEF
২. PIN Number জানা থাকলে NEMEMW<space>Help< space > PIN No & Send to 16222.Example: NEMEMW HELP PIN 0123456789

ঝ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৫। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা যে কোনো পদ বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬. সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৮। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/০৩/২৬

(এম এন নাশিদ রহমান)
টেকনিক্যাল ম্যানেজার(ট্রেনিং)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি প্রদান সংক্রান্ত কমিটি